

প্রথম আলো

তারিখ- 28 JAN 2013  
পৃষ্ঠা ... কলাম ...

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়  
**ছাত্রলীগের পাঁচ  
নেতা-কর্মীর  
রিমায়ত মঞ্জুর**

ময়মনসিংহ, অফিস •

ময়মনসিংহের বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষের ঘটনায় নিহত শিও রাক্ষির বাবার মায়ের করা মামলায় ছাত্রলীগের পাঁচ নেতা-কর্মীর এক দিনের রিমায়ত মঞ্জুর করেছেন আদালত।

আদালত-সংগঠিত সূত্র জানায়, গতকাল রোববার ১ নম্বর জোষ্ট বিচারিক হাকিম আবুবকর নিক্কির আদালত ওই পাঁচজনের এক দিনের রিমায়ত মঞ্জুর করেন। কোতোয়ালি থানার পরিদর্শক (ভনত) মো. মাহেদুর রহমান জানান, গত বৃহস্পতিবার পাঁচজনকে সাত দিনের রিমায়ত দেওয়া হয়েছিল।

১৯ জানুয়ারি কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষের ঘটনায় নিহত শিও রাক্ষির বাবা দুলাল মিয়া ময়মনসিংহ কোতোয়ালি মডেল থানায় মামলা করেন। ঘটনার দিন পুলিশ চারজনকে গ্রেপ্তার করে। পরে এজাহারতুচ্ছ আসামি মাহমুদুল কবীরকে গ্রেপ্তার করা হয়।